যায়যায়দিন

তারিখ 24 FEB 2008
পৃষ্ঠা ৩ কলাম ৮

# পাবলিক লাইব্রেরিতে ইউনেস্কো বই প্রদর্শনী

যাযাদি রিপোর্ট

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ইউনেস্কো ঢাকা অফিসের সহযোগিতায় বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব অ্যাসোসিয়েশন আয়োজন করেছে দুই দিনব্যাপী বই প্রদর্শনী। গতকাল সকালে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরিতে 'ইউনেস্কো বই প্রদর্শনী-২০০৮' শীর্ষক এ অনুষ্ঠানের উদ্বোধন করেন সংস্কৃতি উপদেষ্টা রাশেদা কে চৌধুরী।

শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশে ইউনেস্কোর প্রতিনিধি মালামা মিলেশিয়া, ইউনেস্কো কমিশন সচিব ড. মোঃ মাহমুদুল হাসান, ইত্তেফাকের ভারপ্রাপ্ত সম্পাদক রাহাত খান, কথাসাহিত্যিক সেলিনা হোসেন, সংগঠনের সভাপতি গিয়াস কামাল চৌধুরী এবং মহাসচিব মাহবুব উদ্দিন চৌধুরী বক্তব্য রাখেন।

প্রদর্শনীতে ইউনেস্কো প্রকাশিত শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি, পরিবেশ, নারী অধিকার, মাদক ও এইচআইভি এইডস, মানবাধিকার, ইতিহাস-ঐতিহ্য সংক্রান্ত প্রায় তিন হাজার বই, পোস্টার, সিডি, রিপোর্ট ইত্যাদি স্থান পেয়েছে। প্রদর্শনী শেষ হবে আজ। সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রদর্শনী সবার জন্য উন্মুক্ত।